



স্মারক নং-০৫.৪৪.৮৭২৫.০০৫.৩৯.০১০.২২- ৭৫৬

তারিখঃ ১১/১০/২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে ২০১৫ তারিখ এবং বাংলাদেশ গেজেটের ১৫ নভেম্বর ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যা প্রকাশিত প্রদত্ত আদেশবলে সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের (মহল্লাদার) শূন্যপদে পোক নিয়োগের জন্য স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নে উল্লেখিত শর্তসাপেক্ষে স্ব-হস্তে লিখিত দরখাস্ত/আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	ইউপি'র নাম	ওয়ার্ড নং	পদের নাম	পদসংখ্যা	শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫	৬
১	সবিপুর	০৭ ও ০৯	মহল্লাদার	০২টি	অষ্টম শ্রেণী পাশ
২	নওয়াপাড়া	০৮	মহল্লাদার	০১টি	অষ্টম শ্রেণী পাশ
৩	দেবহাটা	০১, ০২, ০৩, ০৪ ও ০৫	মহল্লাদার	০৫টি	অষ্টম শ্রেণী পাশ

শর্তাবলী :

- ১। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ড হতে নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পাশ্চাত্য ওয়ার্ড হতে নিয়োগ করা হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, শিক্ষাপত যোগ্যতা (অষ্টমশ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ), অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে আবেদন করতে হবে।
- ৩। প্রার্থীর উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্মুসারণ), ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্মুসারণ), ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- ৪। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:  
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) সদ্যভোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদ। সকল সত্যায়িত কাগজপত্রের সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সিল থাকতে হবে। নামাঙ্কিত সিল না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৭। ১০.০০(দশ) টাকার ডাকটিকিট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ৮। ১০/১১/২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৯। প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মহল্লাদার নিয়োগ কমিটি, দেবহাটা, সাতক্ষীরাকে সম্বোধন করে আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না।
- ১০। চূড়ান্ত যাচাই-বাছাই অন্তে নিয়োগকৃত মহল্লাদারগণ সরকারি বিধি মোতাবেক সরকার নির্ধারিত হারে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা রাখেন।

১১/১০/২২

এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ কমিটি  
দেবহাটা, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭২৫.০০৫.৩৯.০১০.২২- ৭৫৬

তারিখঃ ১১/১০/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় স্মার্তার্থে/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
- ০৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা
- ০৬। উপজেলা ----- অফিসার, দেবহাটা, সাতক্ষীরা
- ০৭। সহকারী প্রোগ্রামার, দেবহাটা, সাতক্ষীরা (নিয়োগ বিজ্ঞপ্তি দেবহাটা উপজেলার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৮। চেয়ারম্যান, ----- (সকল) দেবহাটা, সাতক্ষীরা। (নিয়োগ বিজ্ঞপ্তি তার ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- (সকল) ইউনিয়ন ভূমি অফিস, দেবহাটা, সাতক্ষীরা। (নিয়োগ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসসহ জনগুরুত্বপূর্ণ স্থান এবং হাট-বাজারে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সম্পাদক, দৈনিক ----- পত্রিকা, সাতক্ষীরা। বিজ্ঞপ্তি তার বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো এবং বিল ও ১০ (দশ) কপি পত্রিকা এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড ----- অফিসারের কার্যালয়, দেবহাটা, সাতক্ষীরা।

১১/১০/২২

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী  
উপজেলা নির্বাহী অফিসার  
দেবহাটা, সাতক্ষীরা